

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-২২/২০২১

তারিখঃ ২৫/০৩/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, টার্মিনাল ম্যানেজার এর দপ্তর এর স্মারক নং-টিএম/জি/করোনা ভাইরাস/২০২০/১০১১, তারিখঃ ২৩/০৩/২০২১খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং-টিএম/জি/করোনা ভাইরাস/২০২০/১০১১

তারিখঃ ২৩/০৩/২০২১খ্রিঃ

বরাবর

প্রেসিডেন্ট/সেক্রেটারী

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪ তলা), ১৭১২, শেখ মুজিব রোড

আছাবাদ বা/এ, চট্টগ্রাম।

আপনার এবং আপনাদের সচেতনতায় করোনা
(Covid-19) ভাইরাস সংক্রমন প্রতিরোধে
কার্যকরী ভূমিকা রাখবে।

বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের জেটি অভ্যন্তরে প্রতিনিয়ত আগমনকারী আপনাদের নিয়োজিত কর্মকর্তা কর্মচারীবৃন্দের ভাইরাস সংক্রমন প্রতিরোধের জন্য IMO, WHO এবং স্বাস্থ্য মন্ত্রণালয় এর অধীনস্থ আইইডিসিআর সহ অন্যান্য সংস্থাসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা এবং বাংলাদেশ সরকারের জারীকৃত “নো মাস্ক নো সার্ভিস” নির্দেশনা প্রতিপালন করে করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সর্বাঙ্গিক সহযোগিতাকরণ প্রসঙ্গে।

সূত্রঃ অত্র দপ্তরের সমন্বয়ের পত্র, তারিখঃ ০৮/০৪/২০২০, ১২/০৪/২০২০, ১৬/০৪/২০২০, ২০/০৪/২০২০, ২৪/০৪/২০২০, ২৬/০৪/২০২০, ২৮/০৪/২০২০, ০২/০৫/২০২০, ০৬/০৫/২০২০, ১১/০৫/২০২০, ১৫/০৫/২০২০, ২৮/০৬/২০২০, ১৫/০৭/২০২০, ০৯/০৮/২০২০, ২৫/০৮/২০২০, ১৬/০৯/২০২০, ২৯/০৯/২০২০ ও ০১/১০/২০২০, ১২/১০/২০২০, ২৫/১১/২০২০, ২৩/১২/২০২০, ০৭/০১/২০২১ ও ১৮/০১/২০২১খ্রিঃ।

উল্লিখিত বিষয়ে আপনার ও আপনার সকল সদস্যদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রাণকেন্দ্র চট্টগ্রাম বন্দরে কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধ ব্যবস্থা জোরদার করা একান্ত আবশ্যিক। বন্দরের অভ্যন্তরের অপারেশনাল কার্যক্রমের স্বার্থে প্রতিনিয়ত আপনাদের নিয়োজিত লোকজন বন্দর অভ্যন্তরে প্রবেশ করছে বিধায় তাদেরকে যথাযথ সতর্কতামূলক ভাইরাস সংক্রমন প্রতিরোধ ব্যবস্থা পালন করা একান্ত অপরিহার্য। ভাইরাস সংক্রমন প্রতিরোধের জন্য IMO, WHO এবং স্বাস্থ্য মন্ত্রণালয় এর অধীনস্থ আইইডিসিআর সহ অন্যান্য সংস্থাসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা এবং বাংলাদেশ সরকারের জারীকৃত “নো মাস্ক নো সার্ভিস” নির্দেশনা প্রতিপালন করা সকলের জন্য অত্যাবশ্যিকীয়। চবক এর জেটি অভ্যন্তরে প্রতিনিয়ত আগমনকারী আপনাদের সদস্যদের নিয়োজিত কর্মকর্তা কর্মচারীবৃন্দ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করছে কিনা তা মনিটরিং করা বিশেষভাবে জরুরী।

এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের জেটি অভ্যন্তরে প্রতিনিয়ত আগমনকারী আপনাদের নিয়োজিত কর্মকর্তা কর্মচারীবৃন্দের করোনা ভাইরাস (Covid-19) প্রতিরোধ কল্পে IMO, WHO এবং স্বাস্থ্য মন্ত্রণালয় এর অধীনস্থ আইইডিসিআর সহ অন্যান্য সংস্থাসমূহের সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার পাশাপাশি বাংলাদেশ সরকারের জারীকৃত “নো মাস্ক নো সার্ভিস” নির্দেশনা প্রতিপালন করে করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা গেল।

বিষয়টি অতীব জরুরী।

স্বাঃ/-

সহঃটার্মিনাল ম্যানেজার (প্রশাঃ)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ